



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/22/2021

গভর্নর ক্যাথি হোকল

ওয়েস্টার্ন নিউ ইয়র্কে কোভিড-19 এর বিস্তার প্রতিরোধ করতে এরি কাউন্টির এগজিকিউটিভ মার্ক পোলোনকার্জের শক্তিশালী পদক্ষেপের ব্যাপারে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি।

“ওয়েস্টার্ন নিউ ইয়র্কে কোভিড-19 এর বিস্তার প্রতিরোধে সাহায্য করতে শক্তিশালী পদক্ষেপ নেওয়ার জন্য আমি এরি কাউন্টির এগজিকিউটিভ মার্ক পোলোনকার্জের প্রশংসা করতে চাই। এই মারাত্মক ভাইরাসের মোকাবিলা করতে স্থানীয় স্তরে যে প্রকারের নেতৃত্ব প্রয়োজন, এটি হল তার একটি উদাহরণ।

“স্থানীয় নেতাদের সাথে আমাদের চলমান এনগেজমেন্টের অংশ হিসাবে আমি ডেল্টা ভ্যারিয়েন্টের বিরুদ্ধে পরিকল্পনা সরাসরি জানতে এবং স্টেট রিসোর্স দিয়ে সহায়তার প্রতিশ্রুতি দিতে এবং আমরা যখন ছুটির মরসুমের দিকে যাচ্ছি, এমন একটি সময়েও ভ্যাকসিন এবং বুস্টারকে আরও বেশি উপলভ্য করে তুলতে স্টেটের প্রতিটি অঞ্চল থেকে গত এগজিকিউটিভদের সাথে কথা বলেছি।

“কোভিড-19 প্রতিরোধ করতে সাহায্য করে এমন টুলগুলির সাহায্যে আসুন এই শীতে সংক্রমণ প্রতিরোধ করি: ভ্যাকসিন নিন, ইতোমধ্যে ভ্যাকসিন নেওয়া হয়ে থাকলে বুস্টার নিন, পাবলিক প্লেসে থাকার সময় মাস্ক পরুন। আর দেরি করবেন না।”

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)